

AKASHVANI (Kolkata)
Regional News Unit

Date : 04-12-24

Desk in Charge :

Time : 7-50 PM

Compiling :

Opening Announcement আকাশবাণী, খবর পড়ছি

বিশেষ বিশেষ খবর –

- ১/ রাজ্য সরকার, ‘স্বাস্থ্যসাথী’ কার্ডে চুরি ঠেকাতে কৃত্রিম বুদ্ধিমত্তা বা AI প্রযুক্তিকে কাজে লাগাবে।
- ২/ আরো তিনটি নতুন বেসরকারি বিশ্ব বিদ্যালয়ের অনুমোদন দিচ্ছে রাজ্য সরকার।
- ৩/ জাতীয় ও আন্তর্জাতিক স্তরে পদকজয়ী ক্রীড়াবিদদের রাজ্য সরকার চাকরি দেবে।
- ৪/ পানীয় জলের অপচয় ও অপব্যবহার রুখতে, কড়া ব্যবস্থা নিচ্ছে জনস্বাস্থ্য কারিগরী দফতর।
- ৫/ রাজ্যে পুলিশের শীর্ষস্তরে রদবদল হয়েছে।
- ৬/ আজ সূচনা হয়েছে ৩০-তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের।

রাজ্য সরকার, ‘স্বাস্থ্যসাথী’ কার্ডে চুরি রুখতে কৃত্রিম বুদ্ধিমত্তা বা AI প্রযুক্তির সাহায্য নেবে। এজন্য একটি নতুন অ্যাপ চালু করা হচ্ছে বলে স্বাস্থ্য ভবনের তরফে জানানো হয়েছে।

‘স্বাস্থ্যসাথী’ কার্ডে বেসরকারি হাসপাতাল বা নার্সিংহোমে ভর্তি হলে রোগী সম্পর্কে যাবতীয় তথ্য এবং রোগীর ছবি স্বাস্থ্য দপ্তরে পাঠাতে হবে। সেই ছবি আসল কিনা, তা’ যাচাই করবে এ আই। চিকিৎসার প্রতিটি ধাপে রোগী আদৌ হাসপাতালে আছেন কিনা তা’ নিশ্চিত করতে নির্দিষ্ট সার্ভারে পাঠাতে হবে GPS লোকেশন। ‘স্বাস্থ্যসাথী’ কার্ডে ডায়ালিসিস, কেমোথেরাপি এবং অন্যান্য পরীক্ষার ক্ষেত্রেও একই নিয়ম কার্যকর হবে।

রাজ্যে আরো তিনটি নতুন বেসরকারি বিশ্ব বিদ্যালয়ের অনুমোদন দিচ্ছে সরকার। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির বিধানসভা কেন্দ্র ভবানীপুরে একটি বেসরকারি কলেজকে শিক্ষা দপ্তর বিশ্ব বিদ্যালয়ের স্বীকৃতি দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে বলে জানা গেছে। বিধানসভার চলতি অধিবেশনে এ’বিষয়ে ঘোষণা হবে বলে জানা গেছে। আজ মধ্যাহ্ন বিরতিতে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়ের ঘরে কার্যবিবরণী কমিটির সদস্যদের বৈঠক অনুষ্ঠিত হয়। সেখানেই রাজ্যে আরো তিনটি বিশ্ব বিদ্যালয়ের স্বীকৃতির জন্য বিল পেশ করার সিদ্ধান্ত হয়েছে। আগামী বুধবার অধিবেশনের দ্বিতীয়ার্ধে নতুন এই বিলটি বিধানসভায় পেশ করবেন শিক্ষা মন্ত্রী ব্রাত্য বসু। এর জন্য এক ঘণ্টা সময় বরাদ্দ করা হয়েছে।

‘দ্য ভবানীপুর গ্লোবাল ইউনিভার্সিটি বিল-২০২৪’ , ‘দ্য রামকৃষ্ণ পরমহংস ইউনিভার্সিটি বিল-২০২৪’ এবং ‘দ্য রবীন্দ্রনাথ টেগোর ইউনিভার্সিটি বিল-২০২৪’ বিধানসভায় পেশ করা হবে বলে জানা গেছে।

জাতীয় ও আন্তর্জাতিক স্তরে পদকজয়ী ক্রীড়াবিদদের রাজ্য সরকার চাকরি দেবে। পদক প্রাপকদের কলকাতা পুলিশের DSP, SI, ASI এবং প্রশাসনিক সংস্কার বিভাগে সেকশন অফিসারের মতো পদে নিয়োগের ব্যবস্থা করা হয়েছে বলে ক্রীড়া মন্ত্রী অরুণ বিশ্বাস জানিয়েছেন।

বিধানসভায় আজ এক প্রশ্নের উত্তরে ক্রীড়ামন্ত্রী জানান, অলিম্পিক ছাড়াও জাতীয় ও আন্তর্জাতিক স্তরে সোনা, রূপো ও ব্রোঞ্জ পদকজয়ীদের মুখ্যমন্ত্রীর নির্দেশে নিয়োগ করা হচ্ছে। ৭৪টি দরখাস্ত খতিয়ে দেখে ৩৮ জনের ফাইল দপ্তরের সুপারিশ সহ উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে পাঠানো হয়েছে। বাকি ৩৬ টি আবেদন প্রক্রিয়ার মধ্যে রয়েছে বলে মন্ত্রী জানান।

ডিম উৎপাদনে রাজ্য শীঘ্রই স্বনির্ভর হতে চলেছে। বিধানসভায় প্রশ্নোত্তর পর্বে আজ রাজ্যের প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী স্বপন দেবনাথ একথা জানিয়েছেন। তৃণমূল কংগ্রেস সদস্য সমীরকুমার জানার প্রশ্নের উত্তরে মন্ত্রী জানান, রাজ্যে ডিমের বার্ষিক চাহিদা ১ হাজার ৫২৮ কোটি। ডিম উৎপাদনে স্বনির্ভর হতে রাজ্য সরকার কী ব্যবস্থা গ্রহণ করেছে সেই বিস্তারিত তথ্য দিয়ে মন্ত্রী জানান। ডিম উৎপাদনে বাড়তে রাজ্যে মোট ১১৪টি বেসরকারি খামার গড়ে উঠেছে। বার্ষিক ডিম উৎপাদন ক্ষমতা ২৫০ কোটি। ডিম উৎপাদনে রাজ্য দেশের মধ্যে চতুর্থ স্থানে হয়েছে। স্বপনবাবু জানান, হাঁস—মুরগির চিকিৎসার জন্য ভেটেরিনারি মোবাইল ইউনিট ও ক্লিনিক খোলা হয়েছে। এগুলির মাধ্যমে মানুষের দুয়ারে স্বাস্থ্যসেবা পৌঁছে দেওয়া হয়েছে। প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের টোল—ফ্রি নম্বরে ফোন করলেই এই পরিষেবা মেলে।

পানীয় জলের অপচয় রুখতে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির নির্দেশের পর জনস্বাস্থ্য কারিগরী দফতর, অপরাধীদের বিরুদ্ধে কড়া পদক্ষেপ নিচ্ছে। বিভাগীয় মন্ত্রী পুলক রায় আজ বিধানসভায় জানান, পানীয় জলের অপব্যবহার নিয়ে ইতমধ্যেই ৪০০র

বেশি FIR জমা পড়েছে। তিনি জানান, যারা পানীয় জল নিয়ে ব্যবসার কাজে ব্যবহার করছে, তাদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হবে। আজ সকাল পর্যন্ত এই বিষয়ে ২০ হাজার অভিযোগ জমা পড়েছে। ১৯ হাজার ৯৬২ টি জায়গায় ৪০৭ টি FIR করা হয়েছে।

জল অপচয় রুখতে অভিযোগ জানানোর জন্য দুটি WhatsApp নম্বর চালু করা হয়েছে। সেগুলি হলো ৮৯০২০-৫২২২২ এবং ৮৯০২০-৬৬৬৬৬।

রাজ্য প্রশাসনে আজ ফের কিছুটা রদবদল হয়েছে। পুলিশের গোয়েন্দা প্রধান তথা ADG CID আর রাজশেখরনকে পদ থেকে সরিয়ে দিয়েছে রাজ্য সরকার। তাঁকে এডিজি আইজিপি ট্রেনিং পদে পাঠানো হল। তবে রাজশেখরনের পরিবর্তে কাকে ADG CID অর্থাৎ রাজ্য পুলিশের গোয়েন্দা প্রধান পদে আনা হবে, তা এখনও জানানো হয়নি। এদিনের রদবদলে রাজশেখরন ছাড়া আরও তিন IPS কর্তার পদের পরিবর্তন হয়েছে। ADG ট্রেনিং পদে ছিলেন দময়ন্তী সেন। তাঁকে ADG-পলিসি পদে আনা হল। আবার ADG-পলিসি পদে থাকা আর শিবকুমারকে আনা হলে ADG-EB পদে। ADG-EB পদে থাকা IPS কর্তা রাজীব মিশ্রকে আনা হয়েছে ADG- মডার্নাইজেশন পদে।

উল্লেখ্য, সম্প্রতি নবান্নে এক বৈঠক চলাকালীন রাজ্যের গোয়েন্দা বিভাগের কাজ নিয়ে স্ফোভ প্রকাশ করেছিলেন মুখ্যমন্ত্রী।

পুলিশের শীর্ষ স্তরে রদবদলকে শাসকদলের অভ্যন্তরীণ দ্বন্দ্বের বহিঃপ্রকাশ বলে কটাক্ষ করেছেন রাজ্য বিজেপি সভাপতি সুকান্ত মজুমদার।

এক্স হ্যান্ডলে সুকান্তবাবু লিখেছেন, শাসক দল তৃণমূল কংগ্রেসের 'ক্ষমতা কেন্দ্র' স্থানান্তরিত হয়েছে, তা স্পষ্ট। মুখ্যমন্ত্রীর গৃহীত সিদ্ধান্তগুলির ধারাবাহিকতায় তা প্রতিফলিত হয়েছে। তিনি বলেন, যুবরাজের ঘনিষ্ঠ কর্মকর্তাদের বদলি করে মুখ্যমন্ত্রী, দল ও প্রশাসনের উপর তাঁর নিরঙ্কুশ নিয়ন্ত্রণ জোরদার করছেন।

বাংলাদেশের পরিস্থিতি নিয়ে এ রাজ্যের সংখ্যালঘুরা নীরব কেন, বিজেপি সে প্রশ্ন তুলেছে। দিল্লিতে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে দলের রাজ্য সভাপতি তথা কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার বলেন, বাংলাদেশের স্বাধীনতায় সেখানকার হিন্দুদের যথেষ্ট অবদান রয়েছে। তিনি অবিলম্বে শান্তি ফেরানোর দাবী জানিয়েছেন।

পাশাপাশি, দিল্লির শাহী ইমাম, বিষয়টি নিয়ে বাংলাদেশ সরকারকে যে চিঠি দিয়েছেন, সেই পদক্ষেপকেও সুকান্তবাবু স্বাগত জানান।

(বাইট- সুকান্ত)

এদিকে, কেন্দ্রীয় সরকার বাংলাদেশ ইস্যুতে কোনো পদক্ষেপ করছে না কেন, সেই প্রশ্ন তুলেছেন তৃণমূল কংগ্রেসের রাজ্য সম্পাদক কুণাল ঘোষ।

(বাইট- কুণাল)

বাংলাদেশে সন্ন্যাসী চিন্ময় কৃষ্ণ প্রভুর নিঃশর্ত মুক্তির দাবী এবং সেদেশে হিন্দুদের ওপর নির্যাতনের প্রতিবাদে ‘হিন্দু চেতনা মঞ্চ’ আজ মালদা শহরে মিছিল করে।

শহরের বান্ধ রোড থেকে শুরু হয়ে মিছিলটি ফোয়ারা মোড়ে শেষ হয়।

একটি প্রতিবাদ সভারও আয়োজন করা হয় সেখানে।

সংখ্যালঘুদের উপর নির্যাতনের প্রতিবাদে আজ পূর্ব বর্ধমানের মেমারিতে মতুয়া মহাসংঘ, ইসকন, সনাতনী ঐক্য মঞ্চ ও নাগরিক মঞ্চের পক্ষ থেকে প্রতিবাদ মিছিল করা হয়।

নির্বাচন কমিশনের ভোটের তালিকার বিশেষ সংক্ষিপ্ত সংশোধন কর্মসূচির কাজ আগামী ১২ ডিসেম্বর শেষ হচ্ছে। প্রত্যেক শনি ও রবিবার বুথ লেভেল অফিসার

BLO-রা তাঁদের নির্দিষ্ট বুথে বসছেন। সংশ্লিষ্ট ফর্মের মাধ্যমে ভোটার তালিকায় নাম সংযোজন , বিয়োজন ও সংশোধনের কাজ করা যাবে বলে রাজ্যের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী জানিয়েছেন।

(বাইট- অরিন্দম)

আগামী জানুয়ারিতে সংশোধিত নতুন ভোটার তালিকা প্রকাশ হবে।

দক্ষিণ কলকাতার ধনধান্য প্রেক্ষাগৃহে আজ উদ্বোধন হলো ৩০তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির উপস্থিতিতে প্রদীপ জ্বেলে উৎসবের আনুষ্ঠানিক সূচনা করেন অভিনেতা সাংসদ শত্রুঘ্ন সিনহা।

(একটি প্রতিবেদন- অভিজিত)

সান্দাকফু-তে বেড়াতে গিয়ে দক্ষিণ দমদমের এক বাসিন্দার মৃত্যু হয়েছে।

জানা গেছে, গত শনিবার কবি মুকুন্দ দাস রোডের বাসিন্দা বছর ২৮-এর অঙ্কিতা দাস অফিসের কয়েকজনের সঙ্গে সান্দাকফু বেড়াতে যান। গতকাল টুংলিং-এ নেমে আসার পর আজ ভোরে তিনি অসুস্থ হয়ে পড়েন। হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা তাঁকে মৃত ঘোষণা করেন।
